NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-420**
বিষয়: **শিক্ষার্থী আচরণ এবং শৃঙ্খলা– দৈহিক শাস্তি**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **20 জুন, 2025**

## <u>পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার</u>

এই প্রবিধান 28 নভেম্বর 2018 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-420 কে হালনাগাদ এবং স্থলাভিষিক্ত করে। এটি শিক্ষার্থীর বিরুদ্ধে দৈহিক শাস্তি সংজ্ঞায়িত ও এর ব্যবহার নিষিদ্ধ এবং দৈহিক শাস্তির অভিযোগ অবহিত এবং তদন্ত করার শর্তাবলি প্রতিষ্ঠা করে।

পরিবর্তনসমূহ:

- নিউ ইয়র্ক স্টেট-এর প্রবিধানের (সেকশন II) পরিবর্তনের সাথে খাপ খাওনোর জন্য দৈহিক শাস্তির সংজ্ঞা হালনাগাদ করে।
- OSI কর্পোরাল পানিশমেন্ট (দৈহিক শাস্তি) অ্যান্ড ভার্বাল অ্যাবিউস (মৌখিক নিগ্রহ)-এর অনলাইন রিপোর্টিং ফর্মের লিংকের URL হালনাগাদ করা হয়েছে। (সেকশন IV.)
- দৈহিক শাস্তির অভিযোগ সম্পর্কিত স্কুল-ভিত্তিক তদন্ত এবং সিদ্ধান্ত গ্রহণের সময়সীমা, অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন থেকে সুপারিশ বা রেফারেল পাবার তারিখ থেকে 15 দিনের পরিবর্তে 30 দিনে উন্নীত করে (সেকশন VI.C.1.)।
- স্কুল-ভিত্তিক তদন্ত পর্যালোচনার জন্য সিনিয়র ফিল্ড কাউন্সিলকে একটি সময়সীমা যোগ করে এবং যদি সিনিয়র ফিল্ড কাউন্সেল ঐ সময়সীমার মধ্যে সেই অনুসন্ধান চূড়ান্তকরণে প্রাথমিক তদন্তের জবাব না দেন, সেক্ষেত্রে স্কুল সুপারভাইজরদেরকে একটি প্রক্রিয়া প্রদান করেন। (সেকশন VI.C.3, 4.)
- সংযুক্তি নম্বর 1 অপসারণ করে এবং পাঠকদেরকে তদন্ত ফর্মের যে অংশে অভিযুক্ত দৈহিক শাস্তি এবং/অথবা মৌখিক নিগ্রহের রিপোর্ট রয়েছে সেই ওয়েবপেজের দিকে নিয়ে যায়। (সেকশন VI.C.)
- নিউ ইয়র্ক স্টেট প্রবিধানসমূহের পরিবর্তনের সাথে স্টেটের রিপোর্টিং শর্তাবলীর সামঞ্জস্য বিধানে সেগুলিকে হালনাগাদ করে (সেকশন X.)।

NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-420**
বিষয়: **শিক্ষার্থী আচরণ এবং শৃঙ্খলা– দৈহিক শাস্তি**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **20 জুন, 2025**


**সারসংক্ষেপ**

এই প্রবিধান শিক্ষার্থীর বিরুদ্ধে শারীরিক শাস্তি সংজ্ঞায়িত ও এর ব্যবহার নিষিদ্ধ এবং শারীরিক শাস্তির অভিযোগ অবহিত ও তদন্ত করার শর্তাবলি প্রতিষ্ঠা করে।


## I. নীতিমালা:

A. ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (“DOE”) নীতি হলো DOE কর্মী সদস্য, কাস্টোডিয়াল কর্মী, ভেন্ডর, কনসালট্যান্টস্, কম্যুনিটি ভিত্তিক সংগঠন (“CBO”) কর্মী এবং একই ধরনের ব্যক্তি কর্তৃক স্কুল সম্পত্তি, স্কুল সফর, এবং স্কুল সম্পত্তির বাইরে অন্য স্কুল-সম্পর্কিত কাজকর্মে শিক্ষার্থীদের দৈহিক শাস্তির নিষিদ্ধ করা।

B. একজন শিক্ষার্থীর ব্যাঘাত সৃষ্টিকারী আচরণের শাস্তিবিধানে কখনই দৈহিক শাস্তি দেয়া যাবে না। স্কুল একজন শিক্ষার্থীর বিঘ্ন সৃষ্টিকারী আচরণগত সমস্যা নিরসণে পথনির্দেশনামূলক হস্তক্ষেপের মাধ্যমে, পিতামাতার সাথে কাজ করে, এবং আচরণে পদক্ষেপ গ্রহণ করতে চ্যান্সেলরের প্রবিধান A-443 ও DOE-র সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেক্টেশনস্ বা সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা ("শৃঙ্খলা বিধি")-এর মাধ্যমে সমাধান করতে হবে।

C. যেসব কর্মচারী এই বিধান লঙঘন করবেন, তাদের যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার সম্মুখীন করা হবে।

## II. সংজ্ঞাসমূহ

শিক্ষার্থীকে শাস্তি দেয়ার জন্য শিক্ষার্থীর বিরুদ্ধে যেকোন শারীরিক শক্তি প্রয়োগকে [1]দৈহিক শাস্তি হিশেবে সংজ্ঞায়িত হয়েছে। দৈহিক শাস্তি নিম্নলিখিতগুলোর ব্যবহারকে অন্তর্ভুক্ত করে না:

- শিক্ষার্থীর নিরাপত্তা জোরদার করতে ধরে রাখা বা হাল্কা শারীরিক স্পর্শ করা এবং/অথবা বিশেষ কোনো দিকে নিয়ে যাওয়া, কোনো শিক্ষার্থীকে শান্ত করা বা সান্তনা দেওয়া, শিক্ষার্থীকে কোনো দক্ষতা শেখাবার সময় সহায়তা করা বা প্রদত্ত কোনো কাজ সম্পন্ন করতে কিংবা অনুরূপ অন্য কোনো উদ্দেশ্যে শিক্ষার্থীকে সাহায্য করা।

[1] 1 এই প্রবিধান মৌখিক অপব্যবহারের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করে না। মৌখিক নিগ্রহের ঘটনা অবহিত করার এবং এর বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার পদ্ধতি প্রবিধান A-421-এ বর্ণনা করা হয়েছে।

- কোনো শিক্ষার্থীর নিজেকে বা অপর কোনো ব্যক্তিকে শারীরিকভাবে আহত হওয়া থেকে রক্ষার জন্য যুক্তিসঙ্গত ব্যবহারযোগ্য বিকল্প (যেমন বাড়তি শক্তি প্রয়োগ ছাড়া শারীরিক বিবাদ থামানোর) কোনো ব্যবস্থা বা পদ্ধতি না থাকলে শারীরিকভাবে আটক রাখা।

## III. কর্মীদের প্রতি বিজ্ঞপ্তি

প্রিন্সিপ্যাল[2]/ভারপ্রাপ্ত[3] ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে নির্দেশনা কর্মীসহ সকল কর্মী দৈহিক শাস্তির বিষয়ে DOE-র নীতি ও নিয়মকানুন এবং বিধিগুলি সম্পর্কে অবগত। নিদেনপক্ষে, প্রিন্সিপ্যাল/মনোনীতকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে:

A. প্রত্যেক স্কুল বছরের শুরুতে, সকল কর্মীদের সাথে এই প্রবিধানের গুরুত্ব নিয়ে পর্যালোচনা করা হয়, এই প্রবিধানের কপি প্রত্যেক কর্মী সদস্যের কাছে বিতরণ করা হয়, এবং প্রত্যেক কর্মী সদস্য এর প্রাপ্তি স্বীকৃতি স্বাক্ষর করেন;

B. যেসব স্টাফ সদস্য শিক্ষা বছরের শুরু হবার পর স্কুলে যোগ দেন এই প্রবিধানের গুরুত্ব তাদের সাথে পর্যালোচনা করা হয়, এই প্রবিধানের একটি অনুলিপি (কপি) এই ধরনের প্রত্যেক স্টাফ সদস্যকে দেয়া হয়, এবং এই ধরনের প্রত্যেক কর্মী সদস্য এর প্রাপ্তি স্বীকৃতি করে স্বাক্ষর করেন; এবং

C. শিক্ষা বছরে প্রয়োজন মাফিক, এই প্রবিধান পুনঃবিতরণ করা হয় এবং/অথবা এই প্রবিধান সম্পর্কিত প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

## IV. দৈহিক শাস্তির অভিযোগ অবহিতকরণ

অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন (“OSI”) দৈহিক শাস্তির সম্পর্কিত অভিযোগসমূহ DOE-র ভিতরের বিভিন্ন অফিসগুলি এবং অন্য যথাযথ সংগঠনসমূহে তথ্য গ্রহণ, মূল্যায়ন, পর্যালোচনা, ফলো-আপ এবং বিতরণের দায়িত্ব পালন করে।

A. কর্মী সদস্যদের বাধ্যবাধকতাসমূহ

1. দৈহিক শাস্তির শিকার হয়ে থাকতে পারে এমন শিক্ষার্থী সম্পর্কে জ্ঞান বা তথ্য রয়েছে এমন যে কোনও কর্মচারীর অধ্যক্ষ/পদাধিকারীর কাছে ঐ তথ্যের পাবার <u>এক</u> স্কুল দিবসের মধ্যে অভিযোগের মৌখিক প্রতিবেদন করা বাধ্যতামূলক। কর্মী সদস্যকে অবশ্যই নিচের সেকশন IV.B.3-এ বর্ণিত একটি প্রত্যক্ষদর্শীর জবানবন্দিও পূরণ করতে হবে।
2. যদি অধ্যক্ষের বিরুদ্ধে দৈহিক সাজার অভিযোগ করা হয় তবে কর্মচারীকে দৈহিক সাজার অভিযোগটির প্রতিবেদন সরাসরি OSI-এর কাছে OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে [www.nycenet.edu/cpu](http://www.nycenet.edu/cpu) ওয়েবসাইটে অবশ্যই করতে হবে।

B. প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তির দায়বদ্ধতা

প্রিন্সিপ্যাল/পদাধিকারী ব্যক্তিকে ডিওই কর্মচারী, রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী, ভেন্ডর, কনসালট্যান্ট, CBO স্টাফ এবং এই প্রকার ব্যক্তিদের দ্বারা শিক্ষার্থীদের দৈহিক শাস্তি প্রদানের অভিযোগ DOE -র অনলাইন অকারেন্স

[2] এই প্রবিধানে যখন ব্যবহৃত হয় তখন প্রিন্সিপ্যাল শব্দটি দ্বারা সাইট সুপারভাইজারদেরও বোঝানো হয়।
[3] এই প্রবিধানে যখন ব্যবহৃত হয় তখন মনোনীত শব্দটি দ্বারা প্রিন্সিপ্যাল দ্বারা মনোনীত সুপারভাইজরকে বোঝানো হয়।

রিপোর্টিং সিস্টেম (“OORS”) -এ অভিযোগ অবহিত হওয়ার এক স্কুল দিবসের মধ্যে তা দাখিল করতে হবে।

1. যদি প্রিন্সিপ্যাল/তার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি উল্লিখিত দৈহিক শাস্তির একটি রিপোর্ট OORS-এ এন্টার করেন, তাকে স্বতোক্রিয়ভাবে OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে নেয়া হবে।

2. প্রিন্সিপ্যাল/তার মনোনীত ব্যক্তিকে অবশ্যই যেকোনো রিপোর্টিং কর্মী সদস্যের কাছ থেকে (OORS-এর ফর্ম ব্যবহার করে) একটি প্রত্যক্ষদর্শীর জবানবন্দি নিতে হবে এবং অভিযোগ সম্পর্কে জানার দুই স্কুল দিবসের মধ্যে OORS-এ বিবৃতি এন্টার করতে হবে।

3. OSI-তে একটি রিপোর্ট করা এবং যেকোনও রিপোর্টিং কর্মী সদস্যের কাছ থেকে সাক্ষী বিবৃতি পাবার পর, প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি, কীভাবে অগ্রসর হতে হবে সেবিষয়ে OSI নির্দেশনা না প্রদান করা পর্যন্ত, আর কোনও তদন্তের ব্যবস্থা নেবেন না, এর ব্যতিক্রম এই যে, যদি অভিযুক্ত আচরণ একটি অপরাধ হয়, সেক্ষেত্রে চ্যান্সেলরের প্রবিধান A-412-এ বর্ণিত নোটিফিকেশন এবং রিপোর্টিংয়ের শর্ত প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি অবশ্যই অনুসরণ করবেন, এতে অন্তর্ভুক্ত দ্রুত নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (“NYPD”) এবং অফিস অভ স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশন (“SCI”)-এর সাথে যোগাযোগ করা।

C. OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে একবার দৈহিক শাস্তির একটি রিপোর্ট করা হলে, ওই সিস্টেম স্বতোক্রিয়ভাবে একটি নিশ্চিতকরণ নম্বর (“OSI নম্বর”) তৈরি করবে। রিপোর্টকৃত ঘটনা সম্পর্কিত পরবর্তী যোগাযোগসমূহ অবশ্যই OSI নম্বরের রেফারেন্সে করতে হবে।

D. পিতামাতা, শিক্ষার্থীগণ, এবং নন- DOE কর্মীগণ দৈহিক শাস্তির অভিযোগ, অভিযোগের শিকার যে স্কুলে পড়ে সেখানকার প্রিন্সিপ্যাল/তার দয়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে জানিয়ে রিপোর্ট করতে পারে, OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমের মাধ্যমেও www.nycenet.edu/cpu ওয়েবসাইটে OSI-কে সরাসরি জানিয়েও সেটি করতে পারে অথবা OSI-এর সাথে ফোনে (718) 935-3800 নম্বরে যোগাযোগ করে করতে পারে। বেনামী অভিযোগও OSI অনলাইন রিপোর্টিং সিস্টেম ব্যবহার করে দায়ের করা যেতে পারে।

E. অভিযোগে বর্ণিত ভুক্তভোগীর পিতামাতা ব্যতীত অন্য কেউ যদি কোনো অভিযোগ দায়ের করে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই অতিসত্বর অভিযোগে বর্ণিত ভুক্তভোগীর পিতামাতাকে জানাবেন যে, অভিযোগ দায়ের করা হয়েছে। যদি প্রিন্সিপ্যাল অভিযোগের বিষয় হন, সেক্ষেত্রে সুপারিনটেনডেন্টকে অবশ্যই দ্রুত অভিযোগে অন্তর্ভুক্ত ভুক্তভোগীর পিতামাতাকে জানাতে হবে যে, অভিযোগ দায়ের করা হয়েছে।

## V. তদন্ত চলাকালে কোনও কর্মীকে অপসারণ

দৈহিক শাস্তির তদন্ত চলাকালে, অভিযোগের বিষয় যে কর্মী তাকে নিচে বর্ণিত ভাবে তদেন্তর সততা রক্ষার জন্য শিক্ষার্থীদের স্বাস্থ্য, কল্যাণ, এবং সুরক্ষার কথা ভেবে অ্যাসাইনমেন্ট থেকে অপসারণ করা হতে পারে।

A. দৈহিক শাস্তির অভিযোগ পাবার পর, OSI কর্মীকে তার তদন্ত শেষ করা স্থগিত রেখে অ্যাসাইনমেন্ট থেকে অপসারণ করা হবে কিনা সেবিষয়ে সুপারিশ করবে। যদি OSI প্রাথমিকভাবে অপসারণ সুপারিশ না করে, প্রিন্সিপ্যাল অপসারণের অনুরোধ জানাতে পারেন, যা অফিস অভ পার্সোনেল ইনভেস্টিগেশনের পর্যালোচনার উপর নির্ভর করে।

B. অভিযুক্ত আচরণ কতটা গুরুতর; অভিযুক্ত কর্মীর আগের রেকর্ড; যদি অভিযোগের ভিত্তি থাকে সম্ভাব্য শৃঙ্খলা ব্যবস্থা; অভিযোগের যে বিষয় তার এবং শিক্ষার্থীদের মাঝে যোগাযোগের প্রকৃতি এবং সেটি কত ঘনঘন; এবং অন্য প্রাসঙ্গিক উপাদানসমূহ।

C. যদি কোনও কর্মীকে দৈহিক শাস্তি সংক্রান্ত তদন্ত শেষ না হওয়া পর্যন্ত দায়িত্ব থেকে অপসারণ করা হয়, তবে প্রিন্সিপাল লিখিতভাবে কর্মীর অপসারণের তারিখ থেকে পাঁচ স্কুল দিবসের মধ্যে তাকে অবহিত করবেন যে, তার কোনও ক্রিয়া বা কর্মের তদন্ত করা হচ্ছে।

## VI. তদন্ত

A. দৈহিক শাস্তির অভিযোগসমূহ OSI কর্তৃক তদন্ত করা হবে অথবা স্কুল সেটিকে স্কুল-ভিত্তিক তদন্ত (“SBI”) হিসেবে বিবেচনা করবে। OSI দৈহিক শাস্তির অভিযোগের রিপোর্ট পাবার পর, প্রিন্সিপ্যালকে জানাবে তদন্তটি তারা পরিচালনা করবে নাকি সেটি একটি SBI হিসেবে পরিচালিত হবে।

1. DOE-র সকল কর্মীর দৈহিক শাস্তির তদন্তসমূহের সাথে সহযোগিতা করা আবশ্যিক, এবং যদি ডাকা হয় তারা একটি ইন্টারভিউয়ের জন্যও উপস্থিত হতে বাধ্য। OSI কর্তৃক অনুরোধ করা হলে, প্রিন্সিপ্যাল/তার মনোনীত ব্যক্তি স্কুল কর্মীদের ইন্টারভিউ সমন্বিত ও সংগঠিত করার পাশাপাশি অনুরোধকৃত ডক্যুমেন্টসমূহ দিয়ে অবশ্যই OSI-কে সহায়তা করবে।
2. প্রিন্সিপ্যালগণ/তার মনোনীত ব্যক্তিবর্গকে OSI কর্তৃক তাদের কাছে পাঠানো যেকোনো SBI অবশ্যই তদন্ত করতে হবে। সিনিয়র ফিল্ড কাউন্সেল প্রয়োজন মাফিক প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে গাইডেন্স এবং নির্দেশনা দেবেন ( সেকশন VI.C দেখুন)। রেফারেল দেয়ার সময় SBI-এ যে ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে সে যদি স্কুলে না থাকে, প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি অবশ্যই দ্রুত OSI-কে লিখিতভাবে জানাবেন, অতঃপর OSI পরবর্তী নির্দেশ প্রদান করবেন।
3. তদন্ত চলাকালে, অপরাধ সংঘটিত হয়েছে বলে যদি যৌক্তিক সন্দেহভাজনতা দেখা দেয়, তবে NYPD এবং SCI-এর সাথে অবশ্যই অতিসত্বর যোগাযোগ করতে হবে, এবং পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত তদন্ত অবশ্যই বন্ধ করতে হবে।

B. বিষয়টি OSI অথবা স্কুল যারাই তদন্ত করুক না কেন, নিচের তদন্তের ধাপসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে:

1. অভিযোগে উল্লেখিত ভুক্তভোগীদের এবং শিক্ষার্থী/কর্মী সাক্ষীদের সাক্ষাৎকার পৃথকভাবে গ্রহণ করুন এবং যত দ্রুত সম্ভব কোনো লিখিত বিবৃতি সংগ্রহ করুন।[4]

2. অভিযুক্ত কর্মীকে 48-ঘণ্টার নোটিফিকেশন ফরম ব্যবহার করে দৈহিক শাস্তির অভিযোগ আলোচনার জন্য তদন্ত-সংক্রান্ত ইন্টারভিউতে ইউনিয়ন প্রতিনিধির সাথে উপস্থিত হবার 48-ঘণ্টার লিখিত অধিকারের নোটিস দিন[5]।

3. ইউনিয়ন প্রতিনিধির উপস্থিতি ছাড়া অথবা কর্মী লিখিত নোটিস পাবার পর 48 ঘণ্টার আগে তদন্তবিষয়ক সাক্ষাৎকার গ্রহণ করা যাবে না, যদি না কর্মী তার 48-ঘণ্টার বিজ্ঞপ্তি পাবার এবং/অথবা ইউনিয়ন দ্বারা প্রতিনিধিত্বের অধিকার পরিহার করেন। এমন পরিস্থিতিতে, ঐ কর্মীকে অধিকার পরিহারপত্রে (ওয়েভার) অবশ্যই স্বাক্ষর করতে হবে।[66]

4. একটি সিদ্ধান্ত গ্রহণে প্রয়োজন অনুযায়ী অভিযুক্ত কর্মীর সাথে সাক্ষাৎ করুন। মিটিংয়ে, কর্মীকে দৈহিক শাস্তির অভিযোগের একটি বিবরণ অবশ্যই প্রদান করা হবে এবং সে অভিযোগের উত্তরদানের সুযোগও লাভ করবে।

   a) যদি অভিযুক্ত কর্মী শিক্ষার্থী সাক্ষীর বিবৃতি পর্যালোচনার একটি সুযোগের অনুরোধ জানান, অথবা প্রাপ্ত বয়স্ক সাক্ষীর বিবৃতিতে শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন তথ্য থাকে, কর্মীটিকে অবশ্যই পর্যালোচনার সুযোগ প্রদান করতে হবে এবং ইউনিয়ন প্রতিনিধির (যেখানে এই ধরনের প্রতিনিধিত্ব উপস্থিত থাকে) উপস্থিতিতে এই মর্মে একটি গোপনীয়তার স্বীকৃতি[77] স্বাক্ষর করতে হবে যে, কর্মী বিবৃতির বিষয়গুলি প্রকাশ করবে না অথবা লেখকদের পরিচয়ও প্রকাশ করবে না, অথবা লেখকের (দের) বিবৃতির বিরুদ্ধে প্রতিশোধ পরায়ন কোনো পদক্ষেপ নেবে না। ইউনিয়ন প্রতিনিধিকে অবশ্যই গোপনীয়তার স্বীকৃতি পর্যালোচনার এবং স্বাক্ষর করার সুযোগও প্রদান করতে হবে। স্বীকৃতির কপিগুলি

[4] শিক্ষার্থী সাক্ষীদের সাথে ইন্টারভিউয়ের জন্য পিতামাতার নোটিফিকেশন অথবা সম্মতির আবশ্যিকতা নেই। যদি কোনও পিতামাতা উপস্থিত না থাকেন, প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি ঘটনার সাথে সংশ্লিষ্ট নন এমন কোনও একজন প্রশাসক অথবা কর্মী সদস্যের উপস্থিতিতে সাক্ষাৎকার গ্রহণ করতে পারেন, এবং এরা হতে পারেন অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, ডিন, সোশ্যাল ওয়ার্কার, অথবা গাইডেন্স কাউন্সেলর।

[5] শিক্ষার্থী সাক্ষীদের সাথে ইন্টারভিউয়ের জন্য পিতামাতার নোটিফিকেশন অথবা সম্মতির আবশ্যিকতা নেই। যদি কোনও পিতামাতা উপস্থিত না থাকেন, প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি ঘটনার সাথে সংশ্লিষ্ট নন এমন কোনও একজন প্রশাসক অথবা কর্মী সদস্যের উপস্থিতিতে সাক্ষাৎকার গ্রহণ করতে পারেন, এবং এঁরা হতে পারে অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, ডিন, সোশ্যাল ওয়ার্কার, অথবা গাইডেন্স কাউন্সেলর।

[6] 48-ঘণ্টার নোটিফিকেশন ফর্ম 48-ঘণ্টার নোটিফিকেশন ফর্ম এমপ্লয়ই ইনফোহাব (সিনিয়র ফিল্ড কাউন্সেল পেজ)-এর মাধ্যমে পাওয়া যাবে।

[7] ছাড় বা পরিহারপত্র (ওয়েভার) এমপ্লয়ই ইনফোহাব (সিনিয়র ফিল্ড কাউসেল পেজ)-এর মাধ্যমে পাওয়া যাবে।

অনুরোধক্রমে অবশ্যই অভিযুক্ত কর্মী এবং/অথবা ইউনিয়ন প্রতিনিধিকে প্রদান করতে হবে।

b) যদি অভিযুক্ত কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধি গোপনীয়তার স্বীকৃতি স্বাক্ষর করেন, তবে মিটিং চলাকালে কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধিকে সকল সাক্ষীর বিবৃতি অসম্পাদিতরূপে দেখানো হবে। সে কর্মী এবং তার ইউনিয়ন প্রতিনিধিকে সকল সাক্ষীর বিবৃতি নকল করার অনুমতি দেয়া হবে কিন্তু ঐসব সাক্ষী বিবৃতির কপি রাখার অনুমতি পাবেন না।

c) যদি অভিযুক্ত কর্মী গোপনীয়তার স্বীকৃতিতে স্বাক্ষর করতে রাজি না হন, ভুক্তভোগী ছাড়া অন্য শিক্ষার্থীদের সকল ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য অভিযুক্ত কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধিকে মিটিংয়ে দেখানোর আগে ভুক্তভোগী শিক্ষার্থীর বিবৃতি, প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীর বিবৃতি, এবং প্রাপ্তবয়স্ক সাক্ষীর বিবৃতি থেকে অবশ্যই আচ্ছাদিত করতে বা মুছে ফেলতে হবে। অভিযুক্ত কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধিকে সকল প্রত্যক্ষদর্শীর বিবৃতি আচ্ছাদিতভাবে দেখানো হবে। ঐ কর্মী ও তার ইউনিয়ন প্রতিনিধিকে এসব আচ্ছাদিত বিবৃতি লিখে নেয়ার অনুমতি দেয়া হবে কিন্তু তারা ঐসব বিবৃতির অনুলিপি বা কপি রাখার অনুমতি পাবে না।

5. অভিযোগে উল্লেখিত ভুক্তভোগী এবং অভিযুক্ত কর্মী সহ, প্রমাণ এবং সকল সাক্ষীর বিশ্বাসযোগ্যতা মূল্যায়ন করুন, এবং অভিযোগটির ভিত্তি আছে কিনা তা নির্ধারণ করুন।

6. যদি অভিযোগের ভিত্তি থাকে, তবে একটি শৃঙ্খলাবিষয়ক কনফারেন্সের আয়োজন করুন।[৪] শৃঙ্খলাবিষয়ক কনফারেন্সে উপস্থিত সকল অভিযুক্ত কর্মী এবং তাদের ইউনিয়ন প্রতিনিধির কোনও শৃঙ্খলা ব্যবস্থা গ্রহণের আগে, সকল সাক্ষীর বিবৃতিসমূহ দেখা এবং সেগুলির প্রতিলিপি (কপি) রাখার অধিকার রয়েছে। যদি অভিযুক্ত কর্মী গোপনীয়তার স্বীকৃতিতে স্বাক্ষর করতে রাজি না হন, ভুক্তভোগী ছাড়া অন্য শিক্ষার্থীদের সকল ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য অভিযুক্ত কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধিকে প্রদান করার আগে ভুক্তভোগী শিক্ষার্থীর বিবৃতি, প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীর বিবৃতি, এবং প্রাপ্তবয়স্ক সাক্ষীর বিবৃতি থেকে অবশ্যই আচ্ছাদিত করতে বা মুছে ফেলতে হবে।

C. শুধুমাত্র স্কুল-ভিত্তিক তদন্তের জন্য:

1. অভিযোগ পাবার 30 স্কুল দিবসের মধ্যে, প্রিন্সিপ্যালকে অবশ্যই অভিযোগটির ভিত্তি আছে কিনা তা নির্ধারণ করতে হবে এবং তাকে অবশ্যই প্রতিটি অভিযোগের (সংযুক্তি নং 1, রিপোর্ট অভ ইনভেস্টিগেশন ফর্ম দেখুন) উপসংহারে পৌঁছুনোর ব্যাখ্যা দিয়ে অভিযোগের দৈহিক শাস্তি এবং/অথবা মৌখিক নিগ্রহ সংক্রান্ত –

---

[৪]যদি অভিযুক্ত কর্মীর অভিযোগের উত্তরদানের সুযোগ থাকে এবং প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং শৃঙ্খলা বিধি আরোপের জন্য এমন ধরনের কোনও জবাব এবং অন্য সকল প্রমাণ বিবেচনা করেন তবে প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি একই সময়ে তদন্ত এবং শৃঙ্খলাজনিত মিটিংয়ের আয়োজন করতে পারেন।

রিপোর্ট অভ ইনভেস্টিগেশন ফর্ম (তদন্ত সংক্রান্ত প্রতিবেদনের ফরম) পূরণ করতে হবে (এই ফর্ম পাওয়া যাবে: https://www.schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/frequently-used-documents ওয়েবসাইটে)। প্রাসঙ্গিক পরিস্থিতির কারণে যদি তদন্ত সম্পন্ন করার জন্য বাড়তি সময়ের প্রয়োজন হয়, তবে প্রিন্সিপ্যালদের সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করতে হবে।

2. যখন একটি SBI সম্পন্ন হয়, তখন প্রিন্সিপ্যালদেরকে অবশ্যই সাক্ষাৎকারের সময় টুকে রাখা সকল তথ্য (নোটস্), লিখিত বিবৃতি, এবং তদন্ত থেকে প্রাপ্ত তথ্যসহ, পূরণকৃত ও স্বাক্ষরকৃত রিপোর্ট অভ ইনভেস্টিগেটিভ ফর্ম (তদন্ত সংক্রান্ত প্রতিবেদনের ফরম) সিনিয়র ফিল্ড কাউন্সেলকে পাঠাতে হবে।

3. সিনিয়র ফিল্ড কাউন্সেল স্কুল সুপারভাইজরের প্রাথমিক অনুসন্ধানসমূহ পর্যালোচনা করবেন এবং স্কুল সুপারভাইজরের কাছে জমাদানের 15 স্কুল দিবসের মধ্যে উত্তর দেবেন। SBI-সমূহ <u>শুধুমাত্র</u> তখন সমাপ্ত হিসেবে বিবেচনা করা হয়, যখন এই মর্মে সিনিয়র ফিল্ড কাউন্সেল স্কুল সুপারভাইজরকে নিশ্চিত করেন, এর ব্যতিক্রম নিচে প্যারাগ্রাফ 4 -এ নির্ধারিত পরিস্থিতি।

4. যদি রিপোর্ট অভ ইনভেস্টিগেশন (তদন্তের রিপোর্ট) জমাদানের 15 স্কুল দিবসের মধ্যে সিনিয়র ফিল্ড কাউন্সেল  স্কুল সুপারভাইজরকে উত্তর না দেন, স্কুল সুপারভাইজর তদন্ত সমাপ্ত করবেন এবং যেকোনো শৃঙ্খলাজনিত চিঠিসহ (যদি প্রযোজ্য হয়) সিনিয়র ফিল্ড কাউন্সেলের কাছে চূড়ান্ত রিপোর্ট জমা দেবেন, যিনি তারপর প্রাসঙ্গিক রেকর্ডসমূহের সামঞ্জস্য বিধান করবেন যাতে প্রতিফলিত হয় যে তদন্ত সমাপ্ত হয়েছে।

5. সময়মত SBI সম্পন্ন করতে ব্যর্থ হলে শৃঙ্খলাজনিত পদক্ষেপ নেয়া হতে পারে।

D. কেস একবার বন্ধ হয়ে গেলে, OSI, অথবা SBI-এর ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে, অভিযোগগুলির ভিত্তি থাক বা না থাক, অবশ্যই অভিযোগে অন্তর্ভুক্ত ভুক্তভোগী শিক্ষার্থীর পিতামাতাকে জানাতে হবে। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সিদ্ধান্ত নেবেন শিক্ষার্থীকে হস্তক্ষেপ ও সহায়তা প্রদান করা হবে কি হবে না, এবং যেখানে চাওয়া হয়, সেক্ষেত্রে এই ধরনের হস্তক্ষেপ এবং সহায়তার আলোচনার সুযোগ পিতামাতাকে দেয়া হয়।

## VII. কর্মচারীদের জন্য পদক্ষেপ গ্রহণ

A. প্রিন্সিপ্যালকে অবশ্যই দৈহিক শাস্তির ভিত্তি রয়েছে এমন যেকোন কর্মী সদস্যের বিরুদ্ধে যথাযথ শৃঙ্খলাজনিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এই প্রবিধানের লঙ্ঘন নয় এমন কোনও অনুপযুক্ত আচরণ অথবা অপেশাদার সুলভ আচরণের বিরুদ্ধে পরামর্শ প্রদানে অথবা শৃঙ্খলাজনিত পদক্ষেপ গ্রহণে, এই প্রবিধানের কোনও কিছুই বাধা হয়ে দাঁড়ায় না। শৃঙ্খলাজনিত ব্যবস্থা সংক্রান্ত চিঠিসমূহে সহায়তার জন্য, প্রিন্সিপ্যালদের অবশ্যই তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করা উচিত।

B. যখন কেইস (বিষয়)--টি সমাপ্ত বা চূড়ান্ত হয়, অভিযুক্ত কর্মী সদস্যকে অবশ্যই তদন্তের ফলাফল অবহিত করতে হবে। যদি অভিযুক্ত কর্মীকে তদন্ত চলাকালীন

সময় অন্যত্র বহাল করা হয়ে থাকে এবং পুনর্বহালের আর কোনও প্রয়োজন না থাকে, তবে কর্মীকে তার নিয়মিত দায়িত্ব পালনে অবশ্যই ফেরত নিতে হবে।

C. কোনও কর্মচারী এই প্রবিধানের নিয়ম ভঙ্গ করলে তাকে শাস্তির সম্মুখীন করা হতে পারে, এতে অন্তর্ভুক্ত হতে পারে চাকরি থেকে বরখাস্ত, অথবা অন্যান্য যথাযথ পরবর্তী ব্যবস্থা।

## VIII. গোপনীয়তা

DOE -এর নীতি হচ্ছে এই প্রবিধানের আওতায় আনীত অভিযোগের সকল পক্ষ এবং সাক্ষীর গোপনীয়তা রক্ষা করা। তবে, অভিযুক্তকে ন্যায় বিচার লাভের সুবিধা প্রদানের জন্য তদন্তে সহযোগিতা করার বাধ্যবাধকতা এবং/অথবা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অথবা অভিযোগ মীমাংসার উদ্দেশ্যে এই গোপনীয়তা অবশ্যই সুসামঞ্জস্যপূর্ণ হতে হবে। স্কুল কর্মীবৃন্দ যাদের দৈহিক শাস্তির তদন্ত সম্পর্কে জানা আছে তাদের আইনের বাধ্যবাধকতা ব্যতীত, কোন অননুমোদিত ব্যক্তির কাছে যেকোন ধরনের তথ্য প্রকাশ করা নিষিদ্ধ, এর অন্তর্ভুক্ত অভিযুক্ত কর্মীর(গণের), নিগৃহীত শিক্ষার্থীর (দের), এবং সাক্ষীদের নাম।

## IX. অবৈধভাবে পরিবর্তন বা ক্ষতিসাধন/প্রতিশোধ-পরায়ণতা নিষিদ্ধ

কোন দৈহিক শাস্তির তদন্তে ব্যাঘাত সৃষ্টি অথবা বাধা দেয়া অথবা যাদের এসবের অভিজ্ঞতা রয়েছে, যারা এ ব্যাপারে রিপোর্ট করে, অথবা দৈহিক শাস্তির সাক্ষীদের বিরুদ্ধে প্রতিশোধ নেয়া কঠোরভাবে নিষিদ্ধ এবং এর ফলশ্রুতিতে শৃঙ্খলাজনিত শাস্তিমূলক পদক্ষেপ নেয়া হতে পারে। এই ধরনের যেকোনো আচরণ দ্রুত SCI-এর (212) 510-1400 নম্বরে অথবা intake@nycsci.org ঠিকানায় অবশ্যই রিপোর্ট করতে হবে।

## X. নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এ রিপোর্ট বা অবহিতকরণ

DOE-কে বাধ্যতামূলকভাবে স্টেটের প্রবিধান মোতাবেক কমপক্ষে বার্ষিকভাবে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-কে শারীরিক শাস্তির অভিযোগ রিপোর্ট করতে হবে।

## XI. অব্যাহতি (ওয়েভার)

চ্যান্সেলর অথবা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ব্যতিক্রমী কোনও পরিস্থিতিতে এবং স্কুল সিস্টেমের সর্বোচ্চ স্বার্থে এই প্রবিধান থেকে পূর্ণ অথবা আংশিকভাবে অব্যাহতি প্রদান করতে পারে।

## XII. অনুসন্ধানসমূহ

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে: Office of Special Investigations (অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশনস্)
NYC Department of Education
65 Court Street – Room 922
Brooklyn, NY 11201

ফোন: 718-935-3800 নম্বরে

ইমেইল: OSI-Inquiries@schools.nyc.gov

স্কুল-ভিত্তিক তদন্তের জন্য, আপনার সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করুন